মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয় ঃ ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail:chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক-ময়শিবো/প্রশা:/০২/২৫/১৮/১০৮

তারিখ ঃ ২৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ / ০৯ মে ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : **৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র প্রসঙ্গে।**

সূত্র : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আধা-সরকারী পত্র নং-৮০.০০.০০০০.২০০.৫০.১৩৪.২১-৩৩, তারিখঃ ১৯/০৪/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন ময়মনসিংহ শহরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে জানানো যাচ্ছে যে, আগামী ২৭.০৫.২০২২ তারিখে অনুষ্ঠিতব্য ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র হিসেবে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় নির্বাচন করেছে সে সকল প্রতিষ্ঠানকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরীক্ষা গ্রহনের জন্য এবং সেই সাথে উল্লেখিত তারিখে অন্য কোন পরীক্ষা/কর্মসূচী না রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বি.দ্র. ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র তালিকা সংযুক্ত।**

৯/৫/22

(প্রফেসর ড. গাজী হাসান কামাল)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১। পরীক্ষার কেন্দ্র হিসেবে তালিকাভুক্ত অত্র বোর্ডের আওতাধীন ময়মনসিংহ শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
২। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩। অফিস কপি।

| | | |
|---|---|---|
| | মোট [রংপুর কেন্দ্র] = | ২৮৫৩২ |
| | **ময়মনসিংহ কেন্দ্র:** | |
| ২৩০. | আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ | |
| | **(ক) বাংলা ভার্সন:** | ৩৯৪৪ |
| | **(খ) ইংরেজি ভার্সন:** | ৫৬ |
| ২৩১. | মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ | ২০১০ |
| ২৩২. | ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ | ২৪০০ |
| ২৩৩. | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | ১৯৫০ |
| ২৩৪. | নাসিরাবাদ কলেজ, ময়মনসিংহ | ১৫৫০ |
| ২৩৫. | আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজ,ময়মনসিংহ | ১৪৬০ |
| ২৩৬. | ময়মনসিংহ মহিলা কলেজ, ময়মনসিংহ | ১৪৪০ |
| ২৩৭. | নটরডেম কলেজ, ঢাকা বাইপাস, ময়মনসিংহ | ১২০০ |
| ২৩৮. | হাজী জালাল উদ্দিন উচ্চ বিদ্যালয়, আকুয়া বাড়েরা, ময়মনসিংহ | ১০০০ |
| ২৩৯. | প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল, ময়মনসিংহ | ১২০০ |
| ২৪০. | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), ১৬৪ মাসকান্দা, ময়মনসিংহ | ৯০০ |
| ২৪১. | মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ময়মনসিংহ | ১০০০ |
| ২৪২. | ময়মনসিংহ মহাবিদ্যালয়, নতুন বাজার, ময়মনসিংহ | ৮৫০ |
| ২৪৩. | জেলা পরিষদ উচ্চ বিদ্যালয়, নতুন বাজার, মাসকান্দা, ময়মনসিংহ | ৮০০ |
| ২৪৪. | কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ, ময়মনসিংহ | ৭৫০ |
| ২৪৫. | কৃষি বিশ্ববিদ্যালয় হাই স্কুল, ময়মনসিংহ | ৮০০ |
| ২৪৬. | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ | ৬৫০ |
| ২৪৭. | শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ | ৭০০ |

ক্রমশ/৮





| | | |
|---|---|---|
| ২৪৮. | ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ | |
| ২৪৯. | বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ | ৭০০ |
| ২৫০. | বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান একাডেমী স্কুল এন্ড কলেজ, নয়াপাড়া, চরপাড়া, ময়মনসিংহ | ৮০০<br>৭৫০ |
| | **মোট [ময়মনসিংহ কেন্দ্র] =** | **২৬৯১০** |
| | **সর্বমোট প্রার্থী সংখ্যা=** **[ঢাকা: ১৮৪৩৩৯, রাজশাহী: ৩২৫৮১, চট্টগ্রাম: ৩০২২৯, খুলনা: ২৫৯৬৭, বরিশাল: ১১৬৩৯, সিলেট: ১০৫১৯, রংপুর: ২৮৫৩২, ময়মনসিংহ: ২৬৯১০] = ৩৫০৭১৬জন** | **৩৫০৭১৬** |

২০/৮/২০২২
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
যুগ্মসচিব

সচিব
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফোন ঃ ৫৫০০৬৬২২
ই-মেইল ঃ secretary@bpsc.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৮০.০০.০০০০.২০০.৫০.১৩৪.২১- ৬৩

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৯
১৯ এপ্রিল ২০২২

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা জানবেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর মাধ্যমে বিভিন্ন ক্যাডারের ৩,৫০,৭১৬ জন পরীক্ষার্থীর প্রিলিমিনারি পরীক্ষা (MCQ Type) গ্রহণের প্রস্তুতি প্রায় সম্পন্ন করেছে। আগামী ২৭.০৫.২০২২ তারিখ, শুক্রবার ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় শহরের ২৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে **[তালিকা সংযুক্ত]** সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১২:০০ মিনিট পর্যন্ত উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২. আপনি হয়তো অবহিত আছেন যে, বি.সি.এস. পরীক্ষা গ্রহণের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের কোন অবকাঠামোগত সুবিধা না থাকায় কমিশনকে পরীক্ষা গ্রহণের জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সহায়তা নিতে হয়। ইতোমধ্যে উক্ত পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের সঙ্গে কমিশন সচিবালয় থেকে যোগাযোগ করা হয়েছে।

০৩. আগামী ২৭.০৫.২০২২ তারিখ, শুক্রবার, অনুষ্ঠেয় ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহারের সম্মতি প্রদানসহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে সকল প্রকার প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য আপনার আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক একটি সাধারণ নির্দেশনা প্রদান করা প্রয়োজন। সেইসঙ্গে বর্ণিত তারিখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যাতে অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠানের পরীক্ষা/কর্মসূচি না রাখা হয়, সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াও প্রয়োজন।

০৪. বি.সি.এস. পরীক্ষা জাতীয় পর্যায়ের একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা। প্রজাতন্ত্রের সিভিল সার্ভিসে উপযুক্ত কর্মকর্তা নির্বাচনের সাংবিধানিক দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন বি.সি.এস. পরীক্ষা গ্রহণ করে থাকে। এলক্ষ্যে ৪৪তম বি.সি.এস. পরীক্ষা-২০২১ এর মাধ্যমে প্রজাতন্ত্রের সিভিল সার্ভিসে যোগ্য কর্মকর্তা নির্বাচনের প্রক্রিয়ায় কমিশনকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার

১৯/৪/২২
মুঃ আঃ হামিদ জমাদ্দার

প্রফেসর ড. গাজী হাসান কামাল
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ